

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি কোন তৃষ্ণার্ত চতুষ্পদ প্রাণীকে পানি পান করাবে, তার জান্নাতে প্রবেশ করার আশা প্রসঙ্গে আলোচনা

ذِكْنُ رَجَاءِ دُخُولِ الْجِنَانِ لِمَنْ سَقَى ذَوَاتَ الْأَرْبَعِ إِذَا كَانَتْ عَطْشَى

## আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ دَاؤُدَ بْنِ وَرْدَانَ بِالْفُسْطَاطِ قَالَ: حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنِ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ وَزَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي اللَّهُ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (دَنَا رَجُلُ إِلَى بِنْ فَنَزَلَ فَشَرِبَ مِنْهَا وَعَلَى الْبِنْ كِلْبُ يَلْهَثُ فَرَحِمَهُ فَنَزَعَ إِحْدَى خَفَيه فَعَرَفَ لَهُ فسقاه فشكر الله له فأدخله الجنة.)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 544 | خلاصة حكم المحدث: حسن صحيح.

## বাংলা

৫৪৪. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "এক ব্যক্তি একটি কুপের কাছে এসে তাতে অবতরণ করে সেখান থেকে পানি পান করে। এসময় কূপের উপর একটি কুকুর ছিল, সে (পিপাসায়) হাঁপাচ্ছিল। এটি দেখে তার দয়া হলো। ফলে তিনি তার পায়ের একটি (চামড়ার) মোজা খুলে তাতে পানি ভরে কুকুরকে পান করান। মহান আল্লাহ তার এই আমল কবুল করেন। ফলে তাকে জান্নাতে প্রবেশ করান।"[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ১৭৩।



হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/১৬০।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন